

Government of the People's Republic of Bangladesh

Ministry of Finance

Economic Relations Division

Middle-East-2 Section

Sher-e-Bangla Nagar, Dhaka

www.erd.gov.bd

PRESS RELEASE

The Annual Meeting of 2024 and the 50th Anniversary celebration of the Islamic Development Bank (IsDB) were held in Riyadh, Kingdom of Saudi Arabia from 27-30 April 2024. The Bangladesh delegation led by H.E. Abul Hassan Mahmood Ali, MP, Minister, Ministry of Finance and Governor of IsDB joined the programs. Mr. Md. Shahriar Kader Siddiky, Secretary of the Economic Relations Division and Executive Director of the IsDB Board of Directors also attended the events as a member of the Bangladesh delegation. During this four-day-long program, several bilateral meetings were held between Bangladesh delegations and different Saudi-based development partners. On various occasions, bilateral meetings were held with H.E. Dr. Muhammad Sulaiman Al Jasser, Chairman of IsDB Group, Eng. Faisal M. Al-Kahtani, Deputy Chief Executive Officer of the Saudi Fund for Development (SFD), and also H.E. Eng. Hani Salem Sonbol, CEO of ITFC & acting CEO, ICD. During these meetings, requests were made from the Bangladesh side to expand the scope of financial and technical cooperation, adoption of a long-term cooperation strategy through a framework agreement, increase concessional loans, decrease the rate of interest, enhance climate resilience and overall, continue financial support for the development activities of Bangladesh.

On 28th April 2024, H.E. Finance Minister of Bangladesh participated in a one-on-one dialogue session with the Chief Economist of IsDB Group highlighting the success story of Bangladesh in terms of economic growth and socioeconomic development and the challenges, prospects and policy initiatives for economic diversification in the country.

In a side event on 29th April 2024, the IsDB Group's Member Country Partnership Strategy (MCPS) for the People's Republic of Bangladesh for the period of 2024-2026 has been launched. The MCPS outlines IsDB's financing plan for Bangladesh for the next three years in alignment with the sectoral development priority of the country. On the same day, a loan agreement titled 'Rural and Peri-Urban Housing Finance Project-Second Phase' amounting Euro 270.57 million was signed between IsDB and the Government of Bangladesh. This project aims to ensure affordable housing loans for the construction of well-planned, sustainable and eco-friendly multi-storied residential buildings with essential amenities for the low and lower-middle-income population living in rural and peri-urban areas of the country.



Umme Rumana Tua

Senior Assistant Secretary

Email: me2@erd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

মধ্যপ্রাচ্য-২ শাখা

শের-ই-বাংলা নগর, ঢাকা।

www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিগত ২৭-৩০ এপ্রিল ২০২৪ তারিখে সৌদি আরবের রিয়াদে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর বোর্ড অব গভর্নরস এর বার্ষিক সভা ২০২৪ এবং আইডিবি গ্রুপ এর ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়। এ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ও গভর্নর, আইডিবি জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি এর নেতৃত্বে ০৮ সদস্যের বাংলাদেশী প্রতিনিধি দল অংশগ্রহণ করেন। এ প্রতিনিধি দলের সদস্য হিসেবে জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও নির্বাহী পরিচালক, আইডিবি অংশগ্রহণ করেন। ০৪ দিন ব্যাপী অনুষ্ঠিত এ আয়োজনে সৌদিভিত্তিক বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে বাংলাদেশ প্রতিনিধি দলের কয়েকটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। এ সময়ে আইডিবি গ্রুপের মান্যবর চেয়ারম্যান **Dr. Muhammad Sulaiman Al Jasser**, সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট (এসএফডি) এর ডেপুটি চিফ এক্সিকিউটিভ অফিসার, **Eng. Faisal M. Al-Kahtani** এবং ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্সিং কর্পোরেশন (আইটিএফসি) এর মান্যবর চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) ও ইসলামিক কো-অপারেশন ফর ডেভেলপমেন্ট অব দ্যা প্রাইভেট সেক্টর (আইসিডি) এর ভারপ্রাপ্ত সিইও **Eng. Hani Salem Sonbol** এর সাথে পৃথকভাবে দ্বিপাক্ষিক সভাসমূহ অনুষ্ঠিত হয়। এসকল সভায় বাংলাদেশ এর জন্য আর্থিক ও কারিগরি সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধি, ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে দীর্ঘমেয়াদী সহযোগিতার কৌশল নির্ধারণ, নমনীয় ঋণের পরিমাণ বৃদ্ধি ও ঋণের সুদ হ্রাসকরণ, জলবায়ু পরিবর্তনে সহনশীলতা বৃদ্ধিসহ দেশের সার্বিক উন্নয়নে বিদ্যমান সহযোগিতা অব্যাহত রাখার জন্য বাংলাদেশের পক্ষ থেকে অনুরোধ জ্ঞাপন করা হয়।

২৮ এপ্রিল ২০২৪ তারিখে একটি সাইড ইভেন্ট-এ মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি আইডিবি গ্রুপের চিফ ইকোনমিস্ট এর সাথে একটি “one-on-one dialogue session” এ অংশগ্রহণ করেন। যেখানে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও আর্থ সামাজিক উন্নয়নে বাংলাদেশের সাফল্য, এবং বিশেষত **economic diversification** এ বাংলাদেশের চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং নীতিগত উদ্যোগসমূহের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

২৯ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত অপর একটি সাইড ইভেন্টে আইডিবি গ্রুপের “Member Country Partnership Strategy (MCPS) for the People’s Republic of Bangladesh 2024-2026” এর মোড়ক উন্মোচন করা হয়। দেশের ক্ষেত্রভিত্তিক উন্নয়ন অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে আগামী তিন বছর বাংলাদেশের জন্য আইডিবি এর অর্থায়নের পরিকল্পনা এই MCPS-এ বর্ণিত রয়েছে। একই তারিখে বাংলাদেশ সরকার ও ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক এর মধ্যে ‘Rural and Peri-Urban Housing Finance Project- Second Phase’ শীর্ষক ৫ বছর মেয়াদী প্রকল্পটি বাস্তবায়নের জন্য সর্বমোট ২৭০.৫৭ মিলিয়ন ইউরো ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্পটির মাধ্যমে দেশের পল্লী ও শহরতলী এলাকায় বসবাসরত নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত আয়ের জনগোষ্ঠীর জন্য পরিকল্পিত, টেকসই এবং পরিবেশবান্ধব আবাসন নিশ্চিতকল্পে সশ্রয়ী গৃহ নির্মাণ ঋণ প্রদান করা হবে।



উস্মে রুমানা তুয়া

সিনিয়র সহকারী সচিব

ই-মেইল : me2@erd.gov.bd



আইডিবি এর **Governors' Dialogue session**- মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি।



সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট (এসএফডি) এর ডেপুটি চিফ এক্সিকিউটিভ অফিসার, **Eng. Faisal M. Al-Kahtani** এর সাথে দ্বিপাক্ষিক সভা।



Launching of “Member Country Partnership Strategy (MCPS) for the People’s Republic of Bangladesh 2024-2026”



ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্সিং কর্পোরেশন (আইটিএফসি) এর মান্যবর চিফ এক্সিকিউটিভ অফিসার Eng. Hani Salem Sonbol এর সাথে দ্বিপাক্ষিক সভা।